

# Telephone Conversation between PM and President of the State of Palestine

April 14, 2020

প্রধানমন্ত্রী এবং স্টেট অব প্যালেস্টাইনের রাষ্ট্রপতির মধ্যে  
টেলিফোনে বাক্যালাপ

এপ্রিল 14,2020

প্রধানমন্ত্রী আজ স্টেট অব প্যালেস্টাইনের রাষ্ট্রপতি হিজ এম্বেলেগ্নি মাননীয় মাহমুদ আব্বাসের সাথে  
টেলিফোনে বাক্যালাপ করেছেন।

আসন্ন রামদান মাসের জন্য রাষ্ট্রপতি এবং প্যালেস্টাইনের জনগণকে প্রধানমন্ত্রী তার অভিবাদন  
জানিয়েছেন।

চলতে থাকা কোভিড-19 অতিমারির কারণে উদ্ভূত প্রতিবন্ধকতা নিয়ে দুই নেতা আলোচনা করেছেন  
এবং এই পরিস্থিতিকে নিয়ন্ত্রণে আনার জন্য দুই দেশ তাদের নিজ নিজ দেশে গৃহীত পদক্ষেপের জন্য  
উভয় উভয়কে প্রশংসা করেছেন। .

প্যালেস্টাইন কতৃপক্ষ তাদের দেশের জনগণকে ভাইরাসের আক্রমণ থেকে রক্ষা করার জন্য যে প্রচেষ্টা  
নিচ্ছে তার জন্য প্রধানমন্ত্রী সাধুবাদ জানিয়েছেন এবং এই প্রচেষ্টার জন্য ভারতের তরফ থেকে  
সম্ভাব্য সকলরকমের সহযোগিতা প্রদান করার বিষয়ে আশ্বস্ত করেছেন।

এই প্রতিকূল সময়ে সহযোগিতার উপায় খুঁজে বের করার জন্য যথাযথ স্তরে যোগাযোগ বজায়  
রাখার ক্ষেত্রে উভয় নেতা সহমত হয়েছেন।

নিউ দিল্লি

এপ্রিল 14,2020

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and  
may be referred to as the official press release.